

তপশিলী জাতিভুক্ত প্রার্থীদের জয়েন্ট এন্ট্রান্স (প্রবেশিকা) পরীক্ষার কোর্সে প্রশিক্ষণ সংক্রান্ত
বিজ্ঞপ্তি :

এতদ্বারা তপশিলী জাতি কল্যাণ দপ্তর কর্তৃক জানানো যাচ্ছে যে ২০২০ ইং শিক্ষাবর্ষে মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং এবং অন্যান্য কারিগরি বিষয়ে ভর্তির জন্য সর্বভারতীয় এবং রাজ্যস্তরের বিভিন্ন জয়েন্ট এন্ট্রান্স (প্রবেশিকা) পরীক্ষার প্রস্তুতির লক্ষ্যে রাজ্যের তপশিলী জাতি কল্যাণ দপ্তর এক বিশেষ কোর্সিং-এর ব্যবস্থা করছে। বিনামূল্যে প্রশিক্ষণ নিতে বিজ্ঞান বিভাগে দ্বাদশ শ্রেণীতে পাঠরত তপশিলী জাতি ছাত্র-ছাত্রীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ইচ্ছুক প্রার্থীকে অবশ্যই দরখাস্তের মধ্যে প্রয়োজনীয় তথ্যাবলী লিপিবদ্ধ করে কাগজপত্রাদি সহকারে আগরতলাস্থিত পণ্ডিত নেহেরু কমপ্লেক্স, গোর্খাবস্তি, তপশিলী জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তার অফিসে আগামী ২২-১১-২০১৯ ইং (শুক্রবার) তারিখের মধ্যে দরখাস্ত জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। উক্ত তারিখের পর আর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

দরখাস্তের নমুনা :

১। প্রার্থীর নাম, ২। পিতার নাম, ৩। কোর্সের নাম ৪। স্থায়ী ও বর্তমান ঠিকানা, ৫। তপশিলী জাতি কি না, ৬। প্রার্থীর জন্ম তারিখ এবং বর্তমান বয়স, ৭। শিক্ষাগত যোগ্যতা ৮। মোবাইল নম্বর ৯। আধার নম্বর উল্লেখ করে পি.আর.টি.সি ,এস.সি সার্টিফিকেট দরখাস্তকারীর সাম্প্রতিক তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ফটো এবং মাধ্যমিক ও একাদশ শ্রেণীর পরীক্ষার মার্কসিটের প্রত্যয়িত নকলের কপি নিজ নিজ স্বাক্ষর সহ জমা দিতে হবে।

বিস্তারিত জানার জন্য এই নম্বরে যোগাযোগ করা যেতে পারে :-
০৩৮১-২৩২-৩৩৬৩/২৩২-৩৬৮৬ উক্ত বিষয়টি দপ্তরের ওয়েব সাইটেও (www.scw.tripura.gov.in)
দেখা যেতে পারে।

স্বাক্ষর অস্পষ্ট
অধিকর্তা
তপশিলী জাতি কল্যাণ দপ্তর,
ত্রিপুরা সরকার